প্রার্থীপদ প্রত্যাহার

নিজস্ব সংবাদদাতা, এগরা : মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন সরকারের উন্নয়নের ধারাকে বজায় রাখতে পূর্ব মেদিনীপুর জেলার এগরা ২ ব্লকের পানিপারুল গ্রামপঞ্চায়েত এর বৌঁচা বুথে নিজেদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিল দুই প্রার্থী। ফলে এই আসনের তৃণমূল কংগ্রেসের প্রার্থী আরতী সেনাপতি বিনা নির্বাচনে জয়ী হলেন।প্রার্থীপদপ্রত্যাহার করে নেওয়া দুই প্রার্থী আরতী পয়্যাড়া ও রুম্পা পাল জানিয়েছেন, এলাকার উন্নয়ন আর সমস্যা গুলির সমাধানের কথা মাথায় রেখেই তাঁরা মনোনয়নপত্র দাখিল করেছিলেন।কিন্তু সরকারের সহায়তা ছাড়া কোনভাবেই তা সম্ভব নয় সেটা বুঝতে পেরেই তারা এই নির্বাচন থেকে সরে দাঁড়ালেন।

উস্তিতে পুকুরে লরি, মৃত চালক

নিজস্ব সংবাদদাতা, উস্তি : দক্ষিণ ২৪ পরগনার উস্তি থানা এলাকার শিরাকলে নিয়ন্ত্রণ হারিয়ে পুকুরে পড়ল সিমেন্ট বোঝাই লরি। ঘটনায় মৃত্যু হয় চালকের। মৃতের পরিচয় জানা যায়নি।বৃহস্পতিবার সকালে পুকুরে লরিটি পড়ে থাকতে দেখে স্থানীয়রা খবর দেয় পুলিশে। উস্তি থানার পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে। দুর্ঘটনায় অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ। মৃতদেহ পাঠানো হচ্ছে ময়নাতদন্তের জন্য। স্থানীয়রা জানিয়েছেন, সিমেন্ট বোঝাই লরিটি কলকাতা থেকে কাকদ্বীপ যাওয়ার জন্য উস্তির শিরাকল থেকে পেঁয়াজগঞ্জ রোড ধরে যাচ্ছিল। নস্করপাড়ার কাছে লরিটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে একটি পুকুরে উল্টে যায়। খবর পেয়ে স্থানীয়রা উদ্ধার কাজে এগিয়ে আসে। খালাসিকে বাঁচানো গেলেও চালককে বাঁচানো যায়নি।পুলিশের অনুমান, চালক ঘুমিয়ে পড়ায় দুর্ঘটনাটি ঘটে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

3		2		9	6	7		
		6		5	4	1	9	
9	2		4	6			7	
	4			3	2		8	5
	5	8	3	2		4		
		1	9	4		5		8

গতকালের সমাধান

5	9	3	8	7	2	1	4	6
2	7	4	6	3	1	8	9	5
8	6	1	5	9	4	7	3	2
4	3	7	1	5	9	2	6	8
9	5	6	3	2	8	4	1	7
1	8	2	4	6	7	9	5	3
6	1	9	7	8	3	5	2	4
7	2	5	9	4	6	3	8	1
3	4	8	2	1	5	6	7	9

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৬ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।০৭, **সূর্যাস্ত:** ঘ ৬:০১ **জোয়ার:** বিকেল : ১১:৫৪। **ভাঁটা:** সকাল : ৬:৫২।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৬৯৫
গহনা সোনা (১০ গ্রাম):	৩০,০৭০
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৫২০
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,০০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,১০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	66.8299
INR / 1 Euro	81.3788
INR / 100 Jap. YEN	61.1200
INR /1 Pound Sterling	93.1679

শেয়ার সূচক

BSE	34,713.60	▲ (+212.33)
NIFTY	10,617.80	▲ (+47.25)

শব্দলিপি- ১১৭৬



[illegible]

সম্প্রীতি ও সৌহার্দ্যের বার্তা নিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাব: চন্দ্রিমা ভট্টাচার্য

নিজস্ব সংবাদদাতা, নিউ ব্যারাকপুর : সম্প্রীতি ও সৌহার্দ্যোর বার্তা নিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাব, কোনও বিভাজনের রাজনীতি চাই না, আমরা চাই শান্তি ও সম্প্রীতি। রাজ্য জুড়ে যে হিংস্র রাজনীতি ছড়াচ্ছে, আমরা তার বিরোধী।

বিভাজন ও ভেদাভেদ ভুলে মানুষকে নিয়ে চলার জন্য যে বার্তা মুখ্যমন্ত্রী দিয়েছেন, তার মধ্যে দিয়েই আমরা এগিয়ে নিয়ে যাব পশ্চিমবঙ্গকে। নিউব্যারাকপুর নব ওড়াকান্দি হরিগুরুচাঁদ সেবা সংঘ আয়োজিক মতুয়া মহাধর্মসম্মেলনে এসে কথাগুলো বললেন রাজ্যের মন্ত্রী ও বিধায়ক চন্দ্রিমা ভট্টাচার্য। মঙ্গলবার সন্ধ্যায় মতুয়া মহাসঙ্ঘের শান্তি হরিমন্দির প্রঙ্গণে এসে ভক্ত সমাগম দেখে তিনি আপ্লুত। তিনি বলেন, হরিচাঁদ ও গুরুচাঁদের আশীর্বাদ ভক্তদের মধ্যে বিরাজমান। তাঁদের আত্মা যেখানেই বিরাজমান আছে, তা মানুষের মঙ্গলকামনাই করছে। তাঁদের শিক্ষা সমস্ত মানুষকে একত্র করে তুলছে। মানুষ মানে মানুষ, মানুষের মধ্যে কোনও বিভাজন নেই। জাত-ধর্মের কোনও বিভাজন নেই। এখন যে বিভাজনের রাজনীতি চলছে, তা দূর করতে হবে। যারা বিভাজনকে প্রশ্রয় দেয়, তারা মানবিকতাকে মেনে চলে না আমাদের এখন উচিত হরিচাঁদের আদর্শ বরণ করা।

বিভাজনের পথ আসল পথ নয়। এটাই আমাদের অঙ্গীকার। হরিধ্বনির মধ্যেকার মাদকতা মানুষের জন্য কাজ করার অনুপ্রেরণা জোগায়। আমাকে এই অনুষ্ঠানে আনার জন্য কর্মকর্তদের ধন্যবাদ। গুরুচাঁদ হরিচাঁদ গুরুচাঁদের সঙ্ঘে মহিলাদের উপস্থিতি দেখে ভাল লাগছে। এই মহিলাদের পাশে থাকতে পেরে নিজেরও ভাল লাগছে। মহিলাদের উপস্থিতি ছাড়াও কোনও সঙ্ঘেরই বৃত্ত সম্পূর্ণ হয় না।

জয়, হরিচাঁদ, জয় গুরুচাঁদ ধ্বনির মাধ্যমে শান্তি ও সম্প্রীতি ছড়িয়ে পড়েছে। এখানে এসে আমার খুব ভালো লাগছে। ভক্তিধারা বজায় রেখে মানুষ এগিয়ে চলেছে। রাজ্যের মুখ্যমন্ত্রী শান্তি বজায় রাখতে বলেছেন। এলাকার উন্নয়নে নিউব্যারাকপুর পুরসভা গ্রিন সিটি মিশন প্রকল্পের মধ্যে দিয়ে এলাকার সবুজায়ন হবে, এলাকার আরও উন্নয়ন হবে। মন্দির প্রাঙ্গণে দাঁড়িয়ে এই অঙ্গীকার করছি।

সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নিউ ব্যারাকপুর পুরসভার পুরপ্রধান তৃপ্তি মজুমদার, উপপুরপ্রধান মিহির দে, প্রাক্তন পুরপিতা সুখেন মজুমদার, ব্যারাকপুর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ প্রবীর রাজবংশী, পুরপিতা ডাঃ পঙ্কজ কুমার অধিকারী, পুরদলনেতা প্রবীর সাহা, জয় গোপাল ভট্টাচার্য, মনোজ সরকার, সুমন দে সহ বিশিষ্ট জনেরা। নব ওড়াকান্দি হরিগুরুচাঁদ সেবা সঙ্ঘের সাধারণ সম্পাদক সঞ্জয় বিশ্বাস মন্ত্রীমহোদয় সহ অন্যান্যদের বরণ করেন।

KOLKATA TRAFFIC POLICE
18
NEWS 18
NEWS TIME
বাংলা TIME
DD NEWS
ZEE
SADHNA
ABP

রাজ্যপালের সঙ্গে দেখা করার পর সাংবাদিকদের মুখোমুখি মীরাতুন নাহার ও জয় গোস্বামী।

ব্যারাকপুরে স্বাধীনতা সংগ্রামীর মূর্তি ভাঙল দুষ্কৃতীরা

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : ব্যারাকপুরে স্বাধীনতার লড়াইয়ে ব্রিটিশ পুলিশের হাতে শহিদ মাতাদীন বাল্মীকির আবক্ষমূর্তি রাতের অন্ধকারে ভেঙে ফেলল দুষ্কৃতীরা।এই ঘনটায় ক্ষোভে ফুঁসছে বাল্মীকি সমাজ। সিপাহি বিদ্রোহের সময় মঙ্গল পান্ডের সহকর্মী মাতাদীন বাল্মীকিকেও ব্যারাকপুরে ফাঁসি দিয়েছিল ব্রিটিশরা। যদিও ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের ইতিহাসে স্বাধীনতা সংগ্রামী হিসেবে মাতাদীন বাল্মীকির শহিদ হওয়ার ঘটনা অন্তরালেই থেকে গেছে। কিন্তু মাতাদীন বাল্মীকি ব্যারাকপুরের বাল্মীকি সমাজের কাছে অত্যন্ত শ্রদ্ধেয়।
মাতাদীনের সম্মানে তাঁর একটি আবক্ষ মূর্তি কয়েক বছর আগে ব্যারাকপুরের মুচি মহল্লায় বসানো হয়েছিল। সেই মূর্তি বুধবার ভোররাতে দুষ্কৃতীরা ভেঙে দেয়। এনিয়ে সরব হয়েছে মুচি মহল্লার বাসিন্দারা। বুধবার রাতে মূর্তি ভাঙার প্রতিবাদ জানিয়ে ব্যারাকপুর সদর বাজার এলাকায় স্থানীয় বাল্মীকি সমাজের লোকজন মোমবাতি মিছিল করে। ব্যারাকপুর থানায় অভিযোগও দায়ের করে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় পুলিশ এখনও কাউকে গ্রেফতার করতে পারেনি।

কদমতলায় রক্তদান শিবির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার কদমতলার দেবকন্যায় অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির।

বৃহস্পতিবার সকালে অনুষ্ঠিত হয় এই শিবির। স্বর্গীয় শম্ভু দাস ব্যান্যার্জির স্মরণে এই রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই গোটা অনুষ্ঠানটি পরিচালনা করে। ‘কিছুক্ষণ’। এই রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন হাওড়ার মহানাগরিক চিকিৎসক রথীন চক্রবর্তী

, সমাজসেবিকা মৌসুমী ঘোষ, ব্যাঁটরা থানার ওসি গৌতম তালুকদার প্রমুখ। এই রক্তদান শিবিরে মোট ৫০ জন রক্তদান করেন। তাঁর মধ্যে ১৪ জন মহিলা রক্তদাতা।

সংগঠনের পক্ষ থেকে জানা যায়। রক্তের অভাবে বহু মানুষ মারা যায়। তাছাড়া গ্রীষ্মকালে রক্তের চাহিদাও আছে। সেইসব কারণে তাঁরা মুমূর্ষুরোগীর পাশে থাকার জন্য এই রক্তদান শিবিরের আয়োজন করেছেন।

এই অনুষ্ঠানে উপস্থিতি অতিথিরা রক্তদানের গুরুত্ব সকলের কাছে তুলে ধরেন ও রক্তদাতাদের উদ্বুদ্ধ করেন।

সাগর ঘোষ হত্যায় দোষী সাব্যস্ত ২, আজ সাজা ঘোষণা

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : সাগর ঘোষ হত্যা মামলায় আদালত দোষীসাব্যস্ত করেছে দু’জনকে।

আজ, শুক্রবার তাদের সাজা ঘোষণা হবে।

২০১৩ সালের ২১ জুলাই খুন হন সাগর ঘোষ। সেবার নির্বাচনে সাগরবাবুর ছেলে হৃদয় বিক্ষুব্ধ তৃণমূল প্রার্থী হিসেবে দাঁড়িয়েছিলেন। দুষ্কৃতীরা সাগরবাবুর বাড়িতে ঢুকে তাঁকে গুলি করে খুন করে। শ্বশুরের মৃত্যুর তদন্ত চেয়ে বউমা শিবানী ৪৪ জনের বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করেন। দায়ের করা অভিযোগে প্রথম নামটাই ছিল তৃণমূল কংগ্রেসের বীরভূম জেলা সভাপতি অনুব্রত মণ্ডলের। মামলা আদালতে ওঠার পর ৪৭ জন সাক্ষীর মধ্যে একজন মারা যান। দু’জন সাক্ষী বিরূপ হন। সাগর ঘোষ খুন হওয়ার পর ছেলে হৃদয় ঘোষ, স্ত্রী সরস্বতী ঘোষ এবং পুত্রবধূ শিবানী ঘোষ গর্জে উঠেছিলেন অনুব্রত মণ্ডল এবং তাঁর দলবলের বিরুদ্ধে।

কিন্তু তৃণমূল দ্বিতীয়বারের জন্য ক্ষমতায় আসার পর সেই ক্ষোভের আগুনে যেন জল পড়েছিল।

বিভিন্ন মহলে প্রশ্ন উঠতে শুরু করেছিল, তাহলে কী তৃণমূল কংগ্রেসের বিপুল জয়ের রেশ হৃদয় ঘোষের পরিবারের উপর প্রভাব ফেলেছিল? উল্লেখ্য, গতবারের দলের টিকিট না পেলেও এবার পঞ্চায়েত ভোটে হৃদয়বাবু তৃণমূল কংগ্রেসের প্রার্থী হিসাবে দাঁড়িয়েছেন।

গত পাঁচ বছর ধরে সিউড়ি জেলা আদালতে মামলা চলার পর বিচারক পার্থসারথি সেন সুব্রত রায় ওরফে শুভ ওরফে সজল এবং ভগীরথ ঘোষকে দোষী সাব্যস্ত করেন এবং বাকি অভিযুক্তদের বেকসুর খালাস করেন। কাল সাজা ঘোষণা হবে।

গুপ্তধনের খোঁজে পুজো, পুলিশ আসতেই পগারপার তান্ত্রিক

নিজস্ব সংবাদদাতা, দৌলতাবাদ : পাট খেতেই জমি। সেখানে ২ ফুট ২ ফুটের একটা গর্ত। আশেপাশে জ্বলছে সুগন্ধি ধূপকাঠি। ছড়িয়ে ছিটিয়ে রয়েছে ফুল, বেলপাতা, চলছে তন্ত্র সাধনা, আশা ছিল, মিলতে পারে গুপ্তধন। এমন খবর পেয়ে ঘটনাস্থলে যান বহরমপুরের বিডিও রাখি পাল এবং দৌলতাবাদ থানার ওসি সুপ্রিয় মাজি। তবে তার আগেই এলাকা ছেড়ে পালায় তন্ত্রসাধক। এরপর পুলিশের উদ্যোগে ওই এলাকায় মাটি খোঁড়ায় কাজ শুরু হয়। তবে গুপ্তধন তো দূরের কথা, ৫ ফুট গর্ত খুঁড়েও মাটি ছাড়া কিছুই পাওয়া যায়নি। তবে বিষয়টাকে হালকাভাবে নিচ্ছে না পুলিশ। জানিয়েছে, নজর রাখা হবে। দিন কয়েক আগে গ্রামে এক তান্ত্রিক এসেছিল। মাটি কেটে সে পুজো শুরু করে। ধীরে ধীরে তাকে দেখতে গ্রামবাসীদের ভিড় বাড়তে থাকে।

তাঁদের ধারণা হয়, ওই জমির নিচে গুপ্তধন রয়েছে। এর আগেও গ্রামবাসীরা একবার মোহর পাওয়ার আশায় খননকার্য চালিয়েছিল। কিন্তু, কিছুই পাওয়া যায়নি। এবার আরও এক তান্ত্রিক গ্রামে এসে ডেরা বাঁধে। ধূপ-ধুনো জ্বালিয়ে পুজোও শুরু করে দেয়। গ্রামবাসীদের সন্দেহ হওয়ার তাঁরা পুলিশে খবর দেন। পুলিশ আসার আগেই অবশ্য সেই তান্ত্রিক পগারপার হয়ে যায়।

পুলিশের অনুমান, মাটির নিচে দেহ পোঁতা রয়েছে, কিন্তু, পাঁচ ফুট পর্যন্ত গর্ত খুঁড়েও কিছু পাওয়া যায়নি। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ায়। এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

পশ্চিমবঙ্গে এখন মৃতদেহ চুরি হচ্ছে, দিলবারের ঘটনায় কটাক্ষ জয়ের

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : ‘জীবনে অনেক চুরির কথা শুনেছি। কিন্তু, এই প্রথম পশ্চিমবঙ্গে মৃতদেহ চুরি হয়ে যেতে দেখলাম।’ বীরভূমে দিলবার শেখের মৃত্যুর ঘটনায় তৃণমূলকে কটাক্ষ করে একথা বলেন বিজেপি নেতা জয় ব্যানার্জি।
২৩ এপ্রিল সিউড়িতে মিছিল করে মনোনয়ন জমা দিতে যাচ্ছিলেন বিজেপি কর্মীরা। সেই মিছিলে হামলার অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। বোমা ছোড়ার পাশাপাশি গুলি চালানোরও অভিযোগ ওঠে। ঘটনাস্থলেই মৃত্যু হয় দিলবার শেখের। গুলি লেগে আহত হন শ্যামসুন্দর গড়াই ও অপর এক বিজেপি কর্মী। মৃত্যুর পর দিলবারকে তাদের কর্মী বলে দাবি করে তৃণমূল। ফিরহাদ ও সাংবাদিকদের সামনে দিলবারকে তাঁদের কর্মী বলে দাবি করেন।
এই প্রসঙ্গে, বুধবার নদিয়ার আড়ংঘাটায় এক জনসভায় এসে জয় ব্যানার্জি বলেন, ‘বাড়ি চুরি, গাড়ি, এমএলএ-এমপি চুরি, কাউন্সিলর ও পঞ্চায়েত প্রধান চুরি করার কথা এতদিনে অনেকবার শুনেছি। কিন্তু, জীবনে এই প্রথমবার মৃতদেহ চুরি হয়ে যেতে দেখলাম। তবে গ্যারান্টি দিয়ে বলতে পারি শেখ দিলবার বিজেপি সমর্থক। অথচ পার্থ চট্টোপাধ্যায়ের পাশে রোবটের মতো বসে দিলবারের বাবা বললেন, আমার ছেলে তৃণমূলের সমর্থক ছিল। বিজেপি ওকে মারিয়েছে। এই প্রথম পশ্চিমবঙ্গে মৃতদেহ চুরি হতে দেখলাম।’
তৃণমূলকে কটাক্ষ করে তিনি বলেন, ‘পার্থ চট্টোপাধ্যায় সব সময় উন্নয়নের কথা বলেন। যদি রাজ্যে এত উন্নয়ন হয়েই থাকে তাহলে বন্দুক, পিস্তল, তরোয়াল, বোমা বের হচ্ছে কেন? আসলে কোথাও কোনও উন্নয়ন হয়নি। কোনও মানুষেরই উন্নতি হয়নি। কেউ কোনও সুযোগ-সুবিধা পায়নি। উন্নতি যদি কারও হয়ে থাকে তাহলে সেটা তৃণমূল নেতা-নেত্রী ও তাদের আত্মীয়-স্বজনদের হয়েছে।’ জয়বাবু আরও বলেন, ‘আমি অনুব্রতবাবুদের বলব চোখ রাঙিয়ে, মস্তানি করে, লাঠি-বন্দুক দেখিয়ে বেশিদিন বাংলার মানুষকে বশে রাখতে পারবেন না। বাংলার মানুষ যেদিন ক্ষেপে যাবে সেদিন জনবিস্ফোরণ হবে। আর সেদিন সবাই গিয়ে নবান্ন থেকে মন্ত্রী সহ মুখ্যমন্ত্রীকে গঙ্গায় ছুড়ে ফেলবে। মানুষকে নিয়ে নয়ছয় করার শাস্তি একদিন পেতেই হবে।’

বেলুড়ে কিশোরী আত্মঘাতী, উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : এক কিশোরীর আত্মহত্যার ঘটনার এলাকার উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘটনাটি ঘটেছে হাওড়ার বেলুড়ের লালবাবু শাহ রোডে, মৃত কিশোরীর নাম অঞ্জলি সাউ। তার বয়স ১৬ বছর, সে হাওড়ার বেলুড়ের লালবাবা স্কুলের ক্লাস নাইনের ছাত্রী ছিল। বিশস্ত সূত্র থেকে জানা যায়, বেলুড়ের বাসিন্দা নীতিশ মাহাতোর সঙ্গে তার প্রেম ছিল। কয়েকদিনের ভালবাসায় অঞ্জলি ভালই গভীরে ঢুকে গিয়েছিল। পুলিশ সূত্র থেকে পাওয়া খবর অনুযায়ী তাদের দুজনের ভালবাসা দুই পরিবার জানতে পারে। তারপরই এই নিয়ে দুই পরিবারের মধ্যে অশান্তি শুরু হয়। তার জেরেই কিশোরী অঞ্জলি আত্মঘাতী হয় বলে পুলিশের প্রাথমিক অনুমান। তারপর এই ঘটনার জন্য দুই পরিবার একে অপরের নামে দোষারোপ করতে থাকে। তারপর মৃতার বাড়ির লোক ছেলের বাড়ির বিরুদ্ধে বেলুড় থানায় অভিযোগ দায়ের করে। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ ছেলের বাড়ির লোকেদের আটক করেছে। পুলিশ মৃতদেহটিকে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। এই ঘটনার জেরে এলাকার শোকের ছোয়া নেমে এসেছে।

সুন্দরবনে মধু সংগ্রহ করতে গিয়ে বাঘের কবলে ২ মৌলে

নিজস্ব সংবাদদাতা, সুন্দরবন : সুন্দরবনের জঙ্গলে মধু সংগ্রহ করতে গিয়ে বাঘের কবলে পড়ল দুই মৌলে। তাদের সঙ্গে আরও একজন মৌলে ছিল। কোনওরকমে বেঁচে ফিরে এসেছে সে। নিখোঁজ দু’জনের শুরু করেছে পুলিশ।
ঘটনাটি ঘটেছে সুন্দরবনের গাজির খাল এলাকায়। সোমবার নগেন মাঝি, জগবন্ধু বিশ্বাস ও স্বপন মণ্ডল নামে তিন মৌলে সুন্দরবনের গাজির এলাকায় যায় মধু সংগ্রহ করতে। তিনজনেই লাহিড়ীপুর থেকে মধু সংগ্রহ করতে যায়। স্বপনের জানিয়েছে, বুধবার জঙ্গলে কাজ করার সময় তারা বাঘের কবলে পড়ে। বাঘ প্রথমে টেনে নিয়ে যায় নগেনকে। জগবন্ধু ও স্বপন তাকে বাঁচাতে গেলে বাঘ জগবন্ধুকেও টেনে নিয়ে যায়। কোনওরকমে প্রাণ বাঁচিয়ে পালিয়ে আসে স্বপন। ঘটনার কথা জানানো হয় বনে দফতরকে।

Change of Name

I, Uttam Kumar Paul S/o Late Patan Chandra Paul , residing at Saheb-Bari, Sukanta Sarani, Kanthalpota , P.O.Krishnagar, P.S Kotwali , Dist. Nadia, my name is wrongly inseted with Uttam Kumar Pal, will henceforth be known as Uttam Kumar Paul vide an Affidavit dt. 05.03.2018 sworn before First Class Judicial Magistrate at Krishnagar,Nadia. Both Uttam Kumar Paul and Uttam Pal is same one and identical person.

Change of Name

I, Dilip Kumar Sur S/o Late Sisu Ranjan Sur , residing at Netaji Road, Shantinagar, P.O. Burnpur , P.S. Hirapur,District-Paschim Barddhaman (W.B) Pin-713325 will henceforth be known as Dilip Kr. Sur vide an Affidavit dt. 04.04.2018 sworn before First Class Judicial Magistrate at Asansol. Both Dilip Kumar Sur and Dilip Kr. Sur is same one and identical person.

নাম/পদবি পরিবর্তন

আমি 'EDWIN GOMES' 16/06/17 ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কৃষ্ণনগর কোর্টের এফিডেভিট বলে 'EDWIN SOHAN GOMES' হইলাম। 'EDWIN SOHAN GOMES'ও 'EDWIN GOMES' একই ব্যক্তি। ঠিকানা : ১৪, রোমান ক্যাথিড্রাল রোড, কৃষ্ণনগর, নদিয়া-৭৪১১০১।